# ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ৮৫

## আরবি মূল আয়াত:

قَالَ فَاِنَّا قَد فَتَنَّا قَومَكَ مِن بَعدِكَ وَ اَضَلَّهُمُ السَّامِرِیُّ ﴿۸۵﴾

## অনুবাদসমূহ:

আল্লাহ বললেন, ‘তোমার চলে আসার পর আমি তো তোমার কওমকে পরীক্ষায় ফেলে দিয়েছি। আর সামেরী তাদেরকে পথভ্রষ্ট করেছে’। — আল-বায়ান

তিনি বললেন, ‘তোমার অনুপস্থিতিতে আমি তোমার সম্প্রদায়কে পরীক্ষা করেছি আর সামিরী তাদেরকে গুমরাহ্ করেছে। — তাইসিরুল

তিনি বললেনঃ আমি তোমার সম্প্রদায়কে পরীক্ষায় ফেলেছি তোমার চলে আসার পর এবং সামেরী তাদেরকে পথভ্রষ্ট করেছে। — মুজিবুর রহমান

[Allah] said, "But indeed, We have tried your people after you [departed], and the Samiri has led them astray." — Sahih International

৮৫. তিনি বললেন, আমরা তো আপনার সম্প্রদায়কে পরীক্ষায় ফেলেছি আপনার চলে আসার পর। আর সামেরী(১) তাদেরকে পথভ্রষ্ট করেছে।

(১) কোন কোন মুফাসসির বলেন, সামেরী কোন ব্যক্তির নাম নয় বরং সে সময় সামেরী নামে এক গোত্র ছিল এবং তাদের এক বিশেষ ব্যক্তি ছিল বনী ইসরাঈলের মধ্যে স্বর্ণ নির্মিত গো-বৎস পূজার প্রচলনকারী এ সামেরী। সে তাদেরকে গো বৎস পূজার আহবান জানিয়েছিল এবং শির্কে নিপতিত করেছিল। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৮৫) তিনি বললেন, ‘তুমি (চলে আসার) পর আমি তোমার সম্প্রদায়কে পরীক্ষায় ফেলেছি এবং সামেরী ওদেরকে পথভ্রষ্ট করেছে।’ [1]

[1] মূসার তুর পাহাড়ে যাওয়ার পর সামেরী নামক এক ব্যক্তি বানী-ইস্রাঈলদেরকে বাছুর পূজায় লাগিয়ে দিল। যার সংবাদ আল্লাহ তাআলা মূসা (আঃ)-কে তুর পাহাড়েই দিলেন যে, সামেরী তোমার জাতিকে পথভ্রষ্ট করে ফেলেছে। ফিতনা বা পরীক্ষায় ফেলার সম্পর্ক আল্লাহ নিজের দিকেই করেছেন শুধু সৃষ্টিকর্তা হিসাবে। নচেৎ এই পথভ্রষ্টতার কারণ হল সামেরী; যেমন أَضَلَّهُمُ السَّامري (সামেরী ওদেরকে পথভ্রষ্ট করেছে) বাক্য দ্বারা পরিষ্কার।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2433

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন